DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 02:24 PM

রাজনীতি

# ফ্যাসিস্ট হাসিনার আমলে ভারতের সঙ্গে ১০১ চুক্তি পর্যালোচনা, সবার আগে বাংলাদেশ: চিফ হুইপ

প্রতিবেদক: ঢাকা প্রোব প্রতিবেদক
প্রকাশের তারিখ: শনিবার, ১২ সেপ্টেম্বর ২০২৬, ০১:২৭ PM




ফ্যাসিস্ট শেখ হাসিনার শাসনামলে ভারতের সঙ্গে হওয়া ১০১টি চুক্তি পর্যালোচনা করছে বর্তমান সরকার। এসব চুক্তির বিষয়ে শিগগিরই সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানিয়েছেন জাতীয় সংসদের চিফ হুইপ নুরুল ইসলাম মনি।

শুক্রবার (১১ সেপ্টেম্বর) সকালে রাজধানীর সংসদ ভবনের মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

চিফ হুইপ বলেন, বর্তমান সরকার বিভিন্ন অনৈতিক ও দেশের স্বার্থবিরোধী চুক্তি থেকে বের হয়ে আসছে। বিএনপির মূলনীতি হলোসবার আগে বাংলাদেশ। দেশের স্বার্থ রক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়েই সরকারের সিদ্ধান্ত নেওয়া হবে।

তিনি বলেন, চট্টগ্রাম বন্দরে বাংলাদেশ ও বন্ধুদেশের দুটি জাহাজ একসঙ্গে এলে বন্ধুদেশের জাহাজ আগে খালাসের মতো দেশের

স্বার্থবিরোধী অসংখ্য চুক্তি করা হয়েছিল। এসব চুক্তি থেকে বের হয়ে আসার চেষ্টা করছে সরকার।

নুরুল ইসলাম মনি আরও বলেন, বন্ধুত্ব থাকবে, তবে তা হতে হবে পারস্পরিক স্বার্থ ও সমতার ভিত্তিতে। দেশের স্বার্থ রক্ষার পরই অন্য দেশের সঙ্গে বন্ধুত্ব বজায় রাখা হবে।

এ সময় তিনি অভিযোগ করেন, ব্রিকস সম্মেলনে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানকে ভারত আমন্ত্রণ জানায়নি। স্বাধীন দেশের প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ না জানানোর ঘটনায় তিনি ক্ষোভ প্রকাশ করেন।

দেশকে সামনে এগিয়ে নেওয়ার প্রত্যয় ব্যক্ত করে চিফ হুইপ বলেন, বাংলাদেশকে স্বাবলম্বী করতে সরকার প্রয়োজনীয় সব পদক্ষেপ নেবে।


তিনি জানান, হাসিনা সরকারের রেখে যাওয়া ২০৫ কোটি ডলারের ঋণ পরিশোধ করেছে বর্তমান সরকার। দেশে বর্তমানে ১৬ লাখ টন সার মজুদ রয়েছে। বিদ্যুৎ ও গ্যাসের সমস্যা সমাধানেও সরকারের সদিচ্ছার কোনো ঘাটতি নেই বলে দাবি করেন তিনি।

---

## এ বিভাগের আরও খবর




**ফুটপাত দখল, মাদক ও যানজটে নাজেহাল ঢাকা-৬! বৈঠকে ইশরাকের ক্ষোভ**
মাদক, যানজট, ফুটপাত দখল, ধোলাইখাল ট্রাকস্ট্যান্ড ও সদরঘাটের নানা সমস্যা নিয়ে ঢাকা-৬ আসনের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে ক্ষোভ জানিয়েছেন মুক্তিযু...




**নারীর আর্থ-সামাজিক উন্নয়নে সবাইকে একসঙ্গে কাজ করতে হবে: রিজভী**
নারীদের অধিকার নিশ্চিত করতে হলে তাদের শিক্ষার আলোয় আলোকিত ও আর্থিকভাবে স্বাবলম্বী হতে হবে। নারীর সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে সবাইকে একসঙ্গ...



**নজরুলকে নিয়ে সংসদে বিরোধীদলীয় নেতা ও স্বরাষ্ট্রমন্ত্রীর বাকযুদ্ধ**

জাতীয় সংসদে বিরোধী দল থেকে বহিষ্কৃত সংসদ সদস্য গাজী নজরুল ইসলামকে সংসদীয় কমিটিতে অন্তর্ভুক্তির বিষয়টি নিয়ে সরকারি ও বিরোধী দলের শীর্ষ নেতাদে...

---




**ফ্যাসিস্ট আওয়ামী লীগকে নতুন রূপে ফেরানোর চেষ্টা চলছে: গোলাম পরওয়ার**

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার অভিযোগ করে বলেছেন, আওয়ামী লীগকে রিফাইন করে নতুন রূপে রাজনীতিতে ফেরানোর চেষ্টা চলছে। সর...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন:

https://www.dhakaprobe.com/politics/fjasist-hasinar-amle-bharter-sngge-101-chukti-prjalochna-sbar-age-bangladesh-chif-huip